



## প্রেস-রিলিজ

### প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ সেপ্টেম্বর ২০২২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উপলক্ষে ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ বিকাল ৪টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হল এ আলোচনা সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, বঙ্গবন্ধু ছিলেন আন্তর্জাতিক নেতৃত্বের রোল মডেল আর উন্নয়ন নেতৃত্বের রোল মডেল শেখ হাসিনা। তাঁর সমরোপযোগী নেতৃত্ব দেশের গতি পেড়িয়ে প্রসংশিত হচ্ছে বিশ্ব দরবারে। তিনি আমাদের উন্নয়নের আলোকবর্তিকা এবং বাঙালী জাতির আশার বাতিঘর। আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। শেখ হাসিনা হলের প্রভোস্ট ড. রেহানা পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষার্থী সমাজবিজ্ঞান বিভাগের মোহসিনা তামান্না ও লোক প্রশাসন বিভাগের মুনতাহিনা মুনা। অনুষ্ঠানে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, প্রভোস্ট, প্রক্টর, শিক্ষকমন্ডলী, দপ্তরপ্রধান, শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শেখ হাসিনা হলের সহকারী আবাসিক শিক্ষক টুঙ্গা সাহা। পরে শেখ হাসিনা হল আয়োজিত দেশ ও জাতি গঠনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূমিকা শীর্ষক প্রবন্ধ লেখা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপাচার্য মহোদয়। এদিকে সকাল ১১ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এবং বিকাল ৩ টায় অফিসার্স এসোসিয়েশন কেক কেটে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন পালন করে। দুপুরে প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু ও সুস্থ্যতা কামনায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মিলাদ ও দোয়া এবং মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। এছাড়াও প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে ক্যাম্পাসে বৃক্ষরোপন কর্মসূচি পালন করে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

ই-মেইলঃ b.university.pro@gmail.com

ওয়েব সাইটঃ bu.ac.bd; ফোনঃ ০১৭১১০০১৯০৫



**Office of the Public Relations  
University of Barisal**

E-mail: b.university.pro@gmail.com

Web: bu.ac.bd; Mobile: 01711001905

---